## তেরখাদা উপজেলা পরিষদের আগস্ট/২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২১/০৮/২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আসাদুজ্জামান মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। তিনি তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান, তিনি ০২নং বারাসাত ইউনিয়নের সোনারবাংলা পল্লী আশ্রয়ন প্রকল্পের নতুন ঘর উদ্বোধনের জন্য মাননীয় প্রধান মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, বিভাগীয় কমিশনার খুলনা, রেঞ্জ ডিআইজি খুলনা, জেলা প্রশাসক খুলনা, পুলিশ সুপার খুলনা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, আইন শৃঙ্খলা সদস্যবৃন্দ, মিডিয়াকর্মী এবং উক্ত অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তা কর্মচারীদের এ সভার মাধ্যমে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (১) সভায় উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, মধুপুর ইউনিয়নরে মধুপুর স্লুইসগেট ভাঙ্গনের মুখে পড়ায় স্লুইসগেট বসে যাওয়ায় রাস্তাটি যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে । তিনি বলেন উক্ত স্থানে জরুরী ভিত্তিতে মেরামত এবং কোল সংযোগ সড়ক নির্মানের জন্য খুলনা-৪ আসনের মননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূসেদী মহোদয় নির্দেশনা দিয়েছেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় দ্রুততার সাথে কোলা শেষপ্রান্তে মাটির রাস্তাটি সংস্কার ও উন্নয়ন এবং স্লুইসগেটের রাস্তা মেরমতের জন্য অনুরোধ জানান। তিনি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ জানান। | (১) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে "মধুপুর স্লুইস গেটের রাস্তা সংস্কার ও কোলা সংযোগ সড়ক সংস্কারের" জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং জরুরী ভিত্তিতে উন্নয়ন তহবিলের আওতায় আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (২) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, তেরখাদা উপজেলা পরিষদের সীমানা প্রাচির থাকলে ও উপজেলা পরিষদের প্রবেশ গেট নেই। তিনি বলেন পরিষদ চত্ত্বরের সৌন্দর্য বৃদ্ধি ও নিরাপত্তার জন্য নতুন কমপ্লেক্স ভবন এবং অডিটরিয়াম ভবনের মধ্যকার প্রবেশ রাস্তায় একটি গেট নির্মাণ করা প্রয়োজন। তিনি বলেন, উপজেলা পরিষদের জন্য এক ও অভিন্ন ডিজাইনের প্রবেশ গেট নির্মানের জন্য স্থানীয় সরকার বিভাগ "footing foundation বিবেচনায় ২০২৩ সালের এলজিইডি এর রেট সিডিউল অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ২২,৪৩,৯২০/- (বাইশ লক্ষ তিতাল্লিশ হাজার নয়শত বিশ) টাকা নির্ধারন করেছেন। তিনি বলেন উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রবেশ গেট নির্মাণ করা যেতে পারে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>(৩) সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান আরও জনান, উপজেলা পরিষেদের দাপ্তরিক কার্যক্রম নতুন কমপ্লেক্স ভবনে শুরু হওয়ার পর থেকে পরিষদের জন্য নতুন আসবাবপত্রের চাহিদা বৃদ্ধিপায়। ইতোপূর্বে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে কিছু নতুন আসবাবপত্র ক্রয় করা হলেও আসবাবপত্রের স্বল্পতা রয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) মোতাবেক উপজেলা পরিষদের জন্য নতুন আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে সভায় অবহিত করেন এবং নতুন আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এলজিইডি এর রেট সিডিউল অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের প্রবেশ গেট নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জন্য আরএফকিউ পদ্ধতিতে ৩.০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে নতুন আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। |
| ০৩ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, জুলাই-২৩ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫২৫, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৬৭৪, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৯৪%, গর্ভবতী-৮৯৮ জন, অগ্রহণকারী-৪৯৫৩ জন। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মাধ্যমে গ্রামে গ্রামে উদ্বুদ্ধকরণ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সেবাগ্রহীতাদের এনালগ ডাটা রেজিস্টারের পরিবর্তে ট্যাবের মাধ্যমে ই-রেজিস্টারে রুপান্তরের কাজ চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বলেন, জুলাই-২৩ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১৪০ টি, সুফলভোগী সদস্য ভর্তি ১৪৭৬ জন, মোট ঋণী সদস্য ২২৯৪জন, মোট সঞ্চয় স্থিতি ৬৪৯.৯৮ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ ২৯১.৮৯ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৮৮.৩৩ লক্ষ টাকা। মোট মাঠে পাওনা ঋণের পরিমান ২৭৯.৩ লক্ষ। মোট খেলাপী ১০১.৫০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৬%। তিনি মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তা কামনা করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং খেলাপী ঋণ আদায়ের জন্য ০৮টি সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা । |
| ০৫ | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সকলের দৃষ্টি আকর্ষন করত বলেন, বয়স্ক ও বিধবা ভাতা কার্যক্রমের আওতায় আগামি সেপ্টেম্বর/২৩ মসের ১০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। তিনি এ বিষয়টি ব্যপক প্রচার প্রচারনার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাদের অনুরোধ জানান। এ পর্যন্ত সর্ব মোট আবেদন জমা পড়েছেসর্বমোট ৪৩৪টি। আগস্ট/২৩ মাস পর্যন্ত বয়স্ক ভাতার বই বিতরন করা হয়েছে ২৫৫টি, বিধবা ভাতার বই বিতরণ করা হয়েছে ১৮০টি, প্রতিবন্ধি জরিপ ১৭৬ জন, সুবর্ণ বই বিতরন ২০৬টি সুবর্ণ কার্ডবিতরন ১৭৬টি। লাইফ ভেরিফিকেশন করা হয়েছে ৬টি ইউনিয়নে ১২,৩০০ জন এবং ভিক্ষুক পুনর্বাসনের আওতায় ০৩ জনকে ক্ষুদ্র ব্যবসার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মালামাল বিতরন করা হয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | আইসিটি অধিদপ্তর | উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন আগামী সেপ্টেম্বর/২৩ মাসের আগে ওয়েভ পোর্টাল হাল নাগাদ করতে হবে। ওয়েব পোর্টালে দপ্তর প্রধানের ছবি এবং মোবাইল নম্বর থাকতে হবে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগে ওয়েভ পোর্টাল হাল নাগাদ করার জন্য সকলকে অনুরোধ জানান। | সকল দপ্তরের ওয়েভ পোর্টাল হালনাগাদের জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার/ সকল দপ্তর প্রধান |
| ০৭ | মৎস্য ও প্রণি সম্পদ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, চলতি বছরে রাজস্ব বাজেটের আওতায় প্রাতিষ্ঠানিক এবং মুক্ত জলাশয়ে বিভিন্ন প্রজাতির ৩০০ কেজি রেনু বিতরন করা হয়েছে। তিনি বলেন নিশিদ্ধ পদ্ধতিতে মৎস্য শিকার , করেন্ট জাল ব্যবহার এবং চায়নাদুয়ারী জাল ব্যবহারে ফলে দেশি প্রজাতির মাছ বিলুপ্তির হুমকির সম্মূখিন হতে যাচ্ছে। তিনি এ সমস্ত জাল ব্যবহারে মৎস্যজীবিদের নিরুৎসাহিত করেন এবং ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | পানি উন্নয়ন বোর্ড পানি উন্নয়ন বোর্ড | সভায় উপ সহকারী প্রকৌশলী উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, মধুপুর ইউনিয়নরে মধুপুর স্লুইসগেট ভাঙ্গনের মুখে পড়ায় স্লুইসগেট বসে যাওয়ায় রাস্তাটি যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, তেরখাদা উপজেলার কাটেংগা বাজার চৌরাস্তা হতে কালিয়া অভিমুখী সড়কের পূর্বপার্শ্বদিয়ে পানি উন্নয়ন বোর্ডের সরকারি যায়গা রয়েছে। এ সকল সরকারি যায়গা কিছু অবৈধ দখলদার দখল করে স্থায়ী দোকানপাট, ইমারত গড়ে তুলেছে। তিনি উক্ত সরকারি যায়গা ও খাল সমূহ দখলমুক্ত করার জন্য উপবিভাগীয় প্রকৌশলী, তেরখাদা পওর উপবিভাগকে অনুরোধ জানান এবং এ সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাটেংগা বাজার চৌরাস্তা হতে কালিয়া অভিমুখী সড়কের পূর্বপার্শ্বদিয়ে পানি উন্নয়ন বোর্ডের সরকারি যায়গা নির্মিত অবৈধ স্থাপনা অপসারনের জন্য উপবিভাগীয় প্রকৌশলী, তেরখাদা পওর উপবিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধন্ত গৃহীত হয়। | উপ বিভাগীয় প্রকৌশলী |
| ০৯ | উপজেলা পরিষদের আবাসিক ভবন ভাড়া সংক্রান্ত | উপজেলা প্রকৌশলী মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, উপজেলা পরিষদের যেসকল আবাসিক ভবন উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় ইতোমধ্যে পরিত্যাক্ত হিসেবে ঘোষনা করা হয়েছে সে সকল আবাসিক ভবনে এখনো অনেকে বসবাস করছেন। ফলে যে কোন সময় বড়ধরনের দূর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্তগ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরিত্যাক্ত ঘোষিত আবাসিক ভবন সমূহে বসবাসরত যে সকল কর্মচারীদের বকেয়া বাসা ভাড়া ও বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে তা আগামি ১৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ পূর্বক বাসা ত্যাগ করবেন মর্মে সর্মসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, জুলাই-২৩ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জুন-২৩ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা প্রদান | ৫৩,৬৭৩/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে জুন-২৩ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে জুন/২৩ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩২,৮০০/- |
| ৪। | উপজেলা পরিষদের জুন-২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৫। | উপজেলা পরিষদের জুন-২৩ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৬। | উপজেলা পরিষদের জীপ গাড়ি জুন/২৩ মাসের জ্বালনী ব্যয় বিল | ২৭,৭১০/- |
| ৭। | উপজেলা পরিষদোর কপতাক্ষ আবাসিক কোয়ার্টারের পানির লাইন সংস্কার ব্যয় বিল | ১৬১৭০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা/২০২২-৫১৫(৪০) তারিখঃ ২১ আগস্ট ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।নভেম্বর
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা .............................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ** **পরিশিষ্ট-ক**

সভার তারিখ- ২১/০৮/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২১. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ৩০. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ৩১. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ৩২. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা | |
| ৩৩. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ৩৪. | তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |
| ৩৫. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ** **পরিশিষ্ট-খ**

১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা
২. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৩. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৪. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা
৫. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা।